

AP  
প্রজাতন্ত্রী বাংলাদেশ  
মন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
জেলা কার্যালয়, রাজশামাটি পার্বত্য জেলা  
www.doict.rangamati.gov.bd

৬৬৬  
২৬/৭/২২

স্মারক নং ৫৬.০৪.৮৪০০.০০১.০৬.০০২.১৯-৩২

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৯  
১৯ জুলাই ২০২২

বিষয়: জনগণের দোরগোড়ায় তথ্য সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদকরণ।

সূত্র: জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কমিটির জুন ২০২২ মাসের সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটিআই (a2i) প্রোগ্রামের সহযোগিতায় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) প্রস্তুত করা হয়েছে। জনগণের দোরগোড়ায় তথ্য সেবা পৌঁছে দেয়ার নিশ্চিত করার লক্ষ্যে জেলা, উপজেলা এবং ইউনিয়ন ওয়েবপোর্টালসমূহ হালনাগাদকৃত তথ্য দ্বারা সমৃদ্ধ হওয়া জরুরি।

০২। রাজশামাটি পার্বত্য জেলার জেলা পর্যায়ের ওয়েবপোর্টালসমূহ পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ সরকারি দপ্তরের তথ্যসমূহ হালনাগাদকৃত নয়। উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের ওয়েবপোর্টালের ক্ষেত্রেও একই সমস্যা পরিলক্ষিত হচ্ছে।

০৩। এমতাবস্থায়, জেলা পর্যায়ের সকল দপ্তরসমূহকে তীর্ঘের স্ব স্ব দপ্তরের তথ্য হালনাগাদকরে এবং উপজেলা ও ইউনিয়ন পোর্টালসমূহ সংশ্লিষ্ট উপজেলা ও ইউনিয়ন কর্তৃক হালনাগাদ করে আগামী ০৭ আগস্ট ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, তথ্য আপলোডের ক্ষেত্রে কোন সমস্যা হলে কিংবা সহযোগিতার প্রয়োজন হলে তথ্যের সফট কপিসহ এ কার্যালয়ের আইসিটি শাখায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীত জরুরি।

উপজেলা নির্বাহী অফিসার  
রাজশামাটি সদর, রাজশামাটি পার্বত্য জেলা

(মোঃ সাইফুল ইসলাম)

অতিরিক্ত জেলাপ্রশাসক (শিক্ষা ও আইসিটি)  
রাজশামাটি পার্বত্য জেলা

☎ ০২৩৩৩৩৭১৭২৭

✉ adceduictrrangamati@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রাজশামাটি সদর, রাজশামাটি পার্বত্য জেলা  
[sadar.rangamati.gov.bd](http://sadar.rangamati.gov.bd)



স্মারক নং-০৫.৪২.৮৪৮৭.০০০.৩২.০০৩.২১-২৭২৬

তারিখ: ১০/০৮/২০২২ খ্রি.

উপরোক্ত বিষয়ের আলোকে আগামী ০৬/০৮/২০২২খ্রি. তারিখের মধ্যে তীর্ঘের সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবপোর্টাল তথ্য হালনাগাদ করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(নাজমা বিনতে আমিন)

উপজেলা নির্বাহী অফিসার

রাজশামাটি সদর, রাজশামাটি পার্বত্য জেলা।

e-mail: unorangamati@mopa.gov.bd

.....  
.....  
রাজশামাটি সদর, রাজশামাটি পার্বত্য জেলা।